# কাল থেকে কারখানায় চাহিদামতো গ্যাস-বিদ্যুৎ মিলবে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামীকাল মঙ্গলবার থেকে শিল্প কারখানায় চাহিদা অনুযায়ী গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ করা হবে বলে আশ্বাস পেয়েছেন ব্যবসায়ী নেতারা। সোমবার (১৪ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে ২০টি ব্যবসায়ী সংগঠনের নেতাদের বৈঠক শেষে ব্রিফিংয়ে এ তথ্য জানান তারা।

এফবিসিসিআই প্রশাসক ফজলুল হক বলেন, ব্যবসায়ী সংগঠনগুলো সরকারের ওপর আস্থা রাখতে চায়। পাশাপাশি সরকারের নেওয়া পরিকল্পনাগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা ও বাস্তবায়ন প্রত্যাশা করেন তারা।

প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহ্দী আমিন বলেন, মঙ্গলবার থেকেই শিল্প কারখানায় জ্বালানি সংকট কমতে শুরু করবে। একই সঙ্গে ২০২৮ সালের আগেই নতুন একটি এফএসআরইউ চালুর কাজ শুরু হয়েছে।

তিনি জানান, নতুন এফএসআরইউসহ আগের দুটি মিলিয়ে মোট পাঁচটি ভাসমান এলএনজি টার্মিনাল চালুর পরিকল্পনা রয়েছে সরকারের। এর পাশাপাশি স্থলভাগেও এলএনজি টার্মিনাল স্থাপনের পরিকল্পনা করা হচ্ছে।

LENS ASIA